

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এনজিও বিষয়ক ব্যুরো

প্রধানমন্ত্রীর কার্যালয়

প্লট-ই-১৩/বি, আগারগাঁও,

শেরে বাংলা নগর, ঢাকা।

www.ngoab.gov.bd

তারিখ: ২৩/০৯/২০১৯ খ্রি:

স্মারক নং-০৩.০৭.২৬৬৬.৬৬১.৫১.০১৯.১৭- ২০

বলপ্রয়োগে বাস্তুচৃত মায়ানমার নাগরিকদের জন্য কর্মরত দেশী-বিদেশী এনজিওদের কর্মপরিধি (Framework for NGOs) প্রণয়ন।

বলপ্রয়োগে বাস্তুচৃত মায়ানমার নাগরিকদের জন্য শৃঙ্খিত জরুরি ত্রাণ কার্যক্রম (এফডি-৭) বাস্তবায়নে বিভিন্ন দেশী-বিদেশী এনজিওসমূহ কাজ করছে। এনজিওসমূহ প্রকল্প অনুমোদনের পর মাঠ পর্যায়ে জেলা প্রশাসন এবং শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার এর সঙ্গে সমষ্টিমনের মাধ্যমে কর্মসূচি বাস্তবায়ন করে থাকে। এনজিও বিষয়ক ব্যুরো হতে গত ০৬/০৩/২০১৮ খ্রি: তারিখে ০৩.০৭.২৬৬৬.৬৬১.৫১.০১৯.১৭-১০৫ নম্বর স্মারকে বলপ্রয়োগে বাস্তুচৃত মায়ানমার নাগরিকদের জন্য কর্মরত দেশী-বিদেশী এনজিওদের কর্মপরিধি (Framework for NGOs) প্রণয়ন করে হয়েছিল। বর্তমানে FDMN-দের জন্য কর্মরত দেশী-বিদেশী এনজিওদের কাজের প্রকৃতি পরিবর্তন ও পরিধি বৃদ্ধিসহ অধিক সংখ্যক এনজিও এ কাজে অন্তর্ভুক্তির কারণে উক্ত কর্মপরিধি (Framework for NGOs) হালনাগাদকরণের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। সেপ্টেম্বরে জরুরি ত্রাণ (এফডি-৭) কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতের লক্ষ্যে ইতোপূর্বে জারিকৃত কর্মপরিধি (Framework for NGOs) বাতিলক্রমে নিম্নবর্ণিত কর্মপরিধি (Framework for NGOs) ইতোপূর্বে জারিকৃত কর্মপরিধি (Framework for NGOs) বাতিলক্রমে নিম্নবর্ণিত কর্মপরিধি (Framework for NGOs) প্রণয়ন করা হলো।

কর্মপরিধি (Framework for NGOs)

১. অনুমোদিত এফডি-৭ অনুযায়ী সকল সামগ্রী নিয়ে সংশ্লিষ্ট এনজিওকে জেলা প্রশাসক, কক্সবাজার এর নিকট রিপোর্ট করতে হবে। প্রতি পাতায় এনজিও বিষয়ক ব্যুরোর কর্মকর্তা কর্তৃক অনুমোক্ষণিত এফডি-৭ এর কপি আবশ্যিকভাবে শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার এবং জেলা প্রশাসক, কক্সবাজার বরাবর দাখিল করতে হবে। জেলা প্রশাসক এর তত্ত্বাবধানে ও নির্দেশনা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। এর অতিরিক্ত কোন কর্মীকে কার্যক্রমে সম্পৃক্ত করা যাবে না।
২. প্রকল্পভূক্ত কর্মীদের তালিকা শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার এবং জেলা প্রশাসক, কক্সবাজার বরাবর দাখিল করতে হবে। এর অতিরিক্ত কোন কর্মীকে কার্যক্রমে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারী/যেছাসেবকদেরকে এনজিও কর্তৃক সরবরাহকৃত পরিচয় পত্র দৃশ্যমানভাবে ব্যবহার নিশ্চিত করতে হবে।
৩. কার্যক্রমে সংযুক্ত সকল কর্মকর্তা/কর্মচারী/যেছাসেবকদেরকে এনজিও কর্তৃক সরবরাহকৃত পরিচয় পত্র দৃশ্যমানভাবে ব্যবহার নিশ্চিত করতে হবে।
৪. শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার এবং জেলা প্রশাসক, কক্সবাজার নিকট দাখিলকৃত এফডি-৭ এর প্রাপ্তিষ্ঠাকারণে ১৫ দিনের মধ্যে ব্যুরোতে দাখিল করতে হবে।
৫. শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার এবং জেলা প্রশাসক, কক্সবাজার নিকট দাখিলকৃত এফডি-৭ এর প্রাপ্তিষ্ঠাকারণে ১৫ দিনের মধ্যে স্থানীয় প্রশাসনের প্রত্যয়নপত্র এবং ৩০(ত্রিশ) দিনের মধ্যে অডিট রিপোর্ট ব্যুরোতে দাখিল করতে হবে।
৬. চিকিৎসা এবং জরুরি সেবা প্রদানকারী সংস্থাসমূহ ব্যতীত কোনো এনজিও সক্ষ্যাত পর আশ্রয় শিবিরে কার্যক্রম পরিচালনা করতে পারবে না।
৭. এনজিওদের কার্যক্রম মানবিক সহায়তার মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে।
৮. সংস্থা/প্রকল্পের কোন কর্মকর্তা-কর্মচারী প্রকল্প বাস্তবায়নকালে রাষ্ট্র/সরকার/প্রত্যাবাসন বিরোধী কর্মকাণ্ডে জড়িত হতে পারবে না।
৯. প্রকল্প ব্যয়ের উপর জাতীয় রাজস্ব বোর্ডের নীতিমালা অনুযায়ী বিধি মোতাবেক ভ্যাটও ট্যাক্স কর্তৃত করে সরকারি কোষাগারে জমাদানের প্রমাণক দাখিল করতে হবে।
১০. জেলা প্রশাসক, কক্সবাজার এবং শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার কর্তৃক প্রণয়নকৃত চাহিদাপত্রের আলোকে জরুরি ত্রাণ প্রকল্পের পণ্য/ সেবা সামগ্রী উল্লেখপূর্বক তালিকা অনুযায়ী প্রকল্প প্রস্তাব দাখিল করতে হবে।
১১. জরুরি ত্রাণ প্রকল্পে কর্মী বা শ্রমিক নিয়োগের ক্ষেত্রে যথাসম্ভব বাংলাদেশী নাগরিকদের অগ্রাহিকার দিতে হবে। কোন অবস্থাতেই রোহিঙ্গা নাগরিকদের নিয়োগ করা যাবে না।
১২. কোন অবস্থাতেই নগদ অর্থ বিতরনের কোন প্রকল্প গ্রহণ করা যাবে না। কোন ধরণের নগদ অর্থ প্রদানের সংশ্লিষ্টতা পাওয়া গেলে সংস্থা বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
১৩. সংস্থার ব্যাংকের মাদার একাউন্টে এনজিও বিষয়ক ব্যুরোর অনুমোদিত অর্থ ব্যতীত অন্য কোন সংস্থার অর্থ কোনভাবেই জমা রাখা যাবে না।
১৪. প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে হোস্ট কমিউনিটির বিষয়টি বিবেচনায় আনতে হবে।
১৫. প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে পরিবেশের জন্য বুর্কিপূর্ণ (যেমন- বৃক্ষ নির্ধন/পুরুর/খাল ভরাট) কোনরূপ কাজ করা যাবে না।
১৬. জরুরি ত্রাণ কর্মসূচিতে যে কোন মেরামত/সংস্কার কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে প্রকল্প প্রস্তাব দাখিলের পূর্বে জেলা প্রশাসন/শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের প্রত্যয়ন গ্রহণ করতে হবে।

১২/১০/২০১৯

(কে, এম, আব্দুস সালাম)

মহাপরিচালক

এনজিও বিষয়ক ব্যুরো

ফোনঃ ৫৫০০৭৪০০

(সংশ্লিষ্ট সকল এনজিও)

অন্তিম সদয় জ্ঞাতার্থে/কার্যালয়ে

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০২। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার।
- ০৪। পরিচালক (নিবন্ধন ও অডিট)/প্রকল্প-১/প্রকল্প-২), এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৫। জেলা প্রশাসক কক্সবাজার।